

Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 15 April, 2025

নেত্রকোণার কলমাকান্দায় গাছের ডাল থেকে বাবু (২৪) নামে এক ইটভাটা শ্রমিকের ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। তিনি উপজেলার রংছাতি ইউনিয়নের মুন্সিপুর পুরাতন পাড়ার বাসিন্দা মো. রাজু মিয়ার ছেলে।

মঙ্গলবার (১৫ এপ্রিল) সকালে উপজেলার মুন্সিপুর গ্রামে এ ঘটনা ঘটে। পরে মরদেহটি ময়নাতদন্তের জন্য নেত্রকোণা আধুনিক সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়। প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলেই মনে করছে পুলিশ।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, বাবু গত শুক্রবার ঢাকা থেকে নিজ বাড়িতে আসেন। বাড়িতে তার স্ত্রী ও একটি শিশু সন্তান রয়েছে। মঙ্গলবার ভোরে তিনি ঘর থেকে বের হন। সকাল ৯টার দিকে গ্রামের একটি পিতরাজ গাছের ডালে তার ঝুলন্ত মরদেহ দেখতে পান স্থানীয়রা। পরে বিষয়টি পুলিশকে জানানো হয়।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে আসে।

এ বিষয়ে কলমাকান্দা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ ফিরোজ হোসেন বলেন, “বাবুর মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলেই ধারণা করা হচ্ছে। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।”

ঝুলন্ত মরদেহ মরদেহ উদ্ধার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:50

URL: <https://timestodaybd.com/mymensingh/852775807>